



বাংলাদেশ শিপিং কর্পোরেশন
BANGLADESH SHIPPING CORPORATION
www.bsc.gov.bd



৪৪তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)'র ৪৪তম বার্ষিক সাধারণ সভা ২৭ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী নিম্নরূপ :-

- ১। বিএসসি'র ৩০ জুন ২০২১ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ-বছরের সামগ্রিক কর্মকাণ্ডের উপর পরিচালকমণ্ডলীর প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন
- ২। বিএসসি'র ৩০ জুন ২০২১ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ-বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও তদ্ব্যবস্থাপিত বিষয়ে বহিঃস্বাক্ষর-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন
- ৩। ২০২১-২২ অর্থ-বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য বহিঃস্বাক্ষর-নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ
- ৪। ২০২১-২২ অর্থ-বছরের জন্য কর্পোরেট গভর্নেন্স নিরীক্ষক নিয়োগ
- ৫। ২০২০-২১ অর্থ-বছরের জন্য বোর্ডের সুপারিশকৃত লভ্যাংশ ঘোষণা
- ৬। RPO-এর মাধ্যমে সংগৃহীত তহবিল ব্যয়ের সময়সীমা ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন

পরিচালনা পর্ষদের আদেশক্রমে,

স্বা/-

(মুহম্মদ আশরাফ হোসেন)

সচিব, বিএসসি

তারিখ: চট্টগ্রাম

০২ জানুয়ারি ২০২২ খ্রি.

বিশেষ দৃষ্টব্য:

- (১) রেকর্ড তারিখ (Record Date) ১৬ জানুয়ারি ২০২২ খ্রি.। রেকর্ড তারিখে (Record Date-এ) কর্পোরেশনের যে সকল সম্মানিত শেয়ারহোল্ডারের নাম ডিপোজিটরি রেজিস্টারে / মেম্বার রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকবে কেবল সে সকল শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় যোগদান ও ভোট প্রদান করতে পারবেন এবং লভ্যাংশ (অনুমোদিত হলে) পাবার যোগ্য বিবেচিত হবেন।
- (২) বার্ষিক সাধারণ সভায় যোগদান ও ভোট প্রদানের যোগ্য যেকোন ব্যক্তি তার পক্ষে প্রক্সি মনোনীত করতে পারবেন। যথাযথভাবে পূরণকৃত, স্বাক্ষরিত ও ২০/- টাকার রাজস্ব টিকেট সম্বলিত প্রক্সি ফরম অবশ্যই সভা শুরু অর্থাৎ ৪৮ ঘন্টা আগে বিএসসি'র কার্যালয়ে (বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম ঠিকানায়) পৌঁছাতে হবে।
- (৩) প্রক্সি ফরমের সফট কপি বার্ষিক প্রতিবেদনের সফট কপির সাথে সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিও/ফলিও অ্যাকাউন্টে উল্লিখিত ই-মেইল ঠিকানায় পাঠানো হবে এবং কোম্পানীর ওয়েবসাইট: www.bsc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া বার্ষিক প্রতিবেদন ও প্রক্সি ফরম কোম্পানীর শেয়ার বিভাগ থেকে সংগ্রহ করা যাবে।
- (৪) কোভিড-১৯-এর কারণে কেবলমাত্র পূর্ব হতে রেজিস্ট্রেশন সম্পন্নকারীগণ সভায় অংশগ্রহণ করতে পারবেন। সভায় অংশগ্রহণ ও ভোটদানের জন্য নির্ধারিত পদ্ধতিতে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। পত্রিকায় বিজ্ঞপ্তি ও বিএসসি'র ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন পদ্ধতি ও সময়সীমা পরবর্তীতে জানানো হবে।
- (৫) বিএসসি'র ২৪ অক্টোবর ২০১৩ খ্রি. তারিখের নির্দেশনা মোতাবেক আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোন প্রকার উপহার সামগ্রী/ উপহার কুপন/ যাতায়াত ভাতা প্রদানের ব্যবস্থা থাকবে না।